দৈনিক
জনকণ্ঠ

18 APR 2016
৬ ৪

# ইইউ শিক্ষার্থীরা পেল জাপানের স্কলারশিপ

ইস্টার্ন ইউনিভার্সিটির (ইইউ) শিক্ষার্থীরা বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে প্রথমবারের মতো পেল জাপানের ওয়ান এশিয়া ফাউন্ডেশনের স্কলারশিপ। ওয়ান এশিয়া ফাউন্ডেশনের সভাপতি ইওজি সা'তো গত ১৩ এপ্রিল এই স্কলারশিপ প্রদার করেন। এ সময় ইইউ'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আবুল খায়ের চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আবদুর রব, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য আনোয়ার হোসেন চৌধুরী, উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হান্নান চৌধুরী; ব্যবসায় প্রশাসন অনুষদের ডীন অধ্যাপক ড. শরীফ নুরুল আহকাম, জিইডি সেলের চেয়ারপার্সন অধ্যাপক ড. নজরুল ইসলাম, ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডীন, রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা এবং ছাত্র-ছাত্রীবৃন্দ। কোর্সটি পরিচালনা করেন দেশ-বিদেশের অধ্যাপকবৃন্দ। এই কোর্সের উদ্দেশ্য ছিল পুরো এশিয়া মহাদেশের সঙ্গে একটি সুসম্পর্ক গড়ে তোলা। -বিজ্ঞপ্তি